সংবাদ

তারিখ 31 OCT 2016
পৃষ্ঠা ৫ কলাম ৩

# দুর্গাপুরে বাউবির এসএসসি পরীক্ষায় নকলের মহোৎসব

প্রতিনিধি, দুর্গাপুর (নেত্রকোনা)

নেত্রকোনার দুর্গাপুরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) বিরিশিরি পিসিনল মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় কেন্দ্রে চলছে নকলের মহোৎসব। শুক্রবার বাংলা ১ম পত্র পরীক্ষায় নকল করার দায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মামুনুর রশিদ নকল করার দায়ে অচিন্ত সরকার রোল- ৬১, সাগর সরকার রোল-৩২, নাজমুন্নাহার রোল- ২ ও ফেপ্রিং ঘাগ্রা রোল- ৩৯ দেরকে বহিষ্কার করেন। এবার মোট পরীক্ষার্থীর সংখ্যা মোট ১০৫ জন তন্মধ্যে ৭০ জনই অনুপস্থিত। পরীক্ষার্থীরা জানিয়েছেন, পরীক্ষার কো-অর্ডিনেটর মো. ফজলুল হক প্রশাসনিক ঝমেলা মিটান্যোর জন্য প্রতিজনের কাছ থেকে ৫শ' টাকা করে উৎকোচ নেয়া হয়েছে। এ ব্যাপারে কো-অর্ডিনেটর এর কাছে জানতে চাওয়া হলে তিনি বিষয়টি এড়িয়ে যান। সরেজমিনে ঘুরে দেখা গেছে দায়িত্বপ্রাপ্ত পরিদর্শকেরা রয়েছেন রহস্যজনক নীরব ভূমিকায়।